

## কোভিড-19 কেইসের উপর ভিত্তি করে জনস্বাস্থ্য দলের সাপ্তাহিক বিবৃতি

26 আগস্ট 2021

20 আগস্ট পর্যন্ত সাত দিনে (২৫ আগস্ট প্রকাশিত তথ্যের ভিত্তিতে) আমরা ব্রাইটন অ্যান্ড হোভে 1,277 টি নতুন কোভিড-19 কেস নিশ্চিত করেছি। এটা:

- আগের সাত দিনের চেয়ে 1.7% কম
- প্রতি 100,000 বাসিন্দার সাপ্তাহিক হার 438 এর সমতুল্য
- দক্ষিণ পূর্বের তুলনায় বেশী যা প্রতি 100,000 জনে 318 ছিল
- ইংল্যান্ডের চেয়ে বেশি, যা ছিল প্রতি 100,000 জনে 328

### ব্রাইটন এবং হোভের জন্য এর অর্থ কী

টানা দ্বিতীয় সপ্তাহে আমরা কোভিড-19 এর নিশ্চিত হওয়া নতুন কেইসের সংখ্যায় খুব সামান্য শতাংশ পরিবর্তন দেখেছি। আমরা আত্মবিশ্বাসী হতে পারি না এর অর্থ ব্রাইটন অ্যান্ড হোভে সংক্রমণের হার খুব বেশী। ইংল্যান্ডের বাকি অংশ এবং দক্ষিণ-পূর্বাঞ্চলে সংখ্যা বেড়েই চলছে।

কোভিড-19 সংক্রমণ এখনও তরুণ প্রাপ্তবয়স্ক এবং কিশোর-কিশোরীদের মধ্যে সবচেয়ে বেশি এবং সকল প্রজন্মের মধ্যে ছড়িয়ে পড়ে সব বয়সের গোষ্ঠীকে প্রভাবিত করছে। গত সপ্তাহে ষাট-এর বেশি বয়সীদের মধ্যে আবার বৃদ্ধি ঘটেছে এবং এখন দক্ষিণ-পূর্ব অঞ্চলে এই বয়সের মধ্যে সংক্রমণের হার সবচেয়ে বেশি।

স্থানীয়ভাবে কোভিড-19 নিয়ে হাসপাতালে 20 জনেরও বেশি রোগী রয়েছেন। কিন্তু NHS টিকাদান কর্মসূচি সফলভাবে অত্যন্ত গুরুতর অসুস্থ রোগীর সংখ্যা বৃদ্ধিকে প্রতিরোধ করেছে যা আমরা বছরের শুরুতে দেখেছিলাম।

### টিকা কেন্দ্র চালু আছে এবং 16-17 বছর বয়সীদের জন্য খোলা

আগামী সোমবার 30 আগস্ট ব্রাইটন অ্যান্ড হোভ ভ্যাকসিনেশন সেন্টার চার্টল স্কয়ার শপিং সেন্টারের প্রাক্তন টপশপ স্টোরে চলে যাবে।

একই দল প্রতিদিন সকাল 8.30 টা থেকে রাত 8 টা পর্যন্ত টিকা প্রদান করবে, [বুক করা অ্যাপয়েন্টমেন্ট](#) এবং ওয়াক ইন সার্ভিস (যা প্রতিদিন সন্ধ্যা 7 টা পর্যন্ত পাওয়া যাবে) উভয়ই প্রদান করবে।

চার্টল স্কয়ার ভ্যাকসিনেশন সেন্টার 16 এবং 17 বছর বয়সীদের জন্য ওয়াক ইন ভ্যাকসিনেশন অ্যাপয়েন্টমেন্ট দেবে।

চার্টল স্কয়ার শপিং সেন্টার থেকে প্রত্যেককে টিকা নেওয়ার জন্য রিজেন্সি রোড ইস্টের অরেঞ্জ কার পার্কে (চার্টল ১) এক ঘন্টার জন্য বিনামূল্যে পার্কিং করতে দেয়া হচ্ছে।

প্রাপ্তবয়স্কদের জন্য ওয়াক-ইন ভ্যাকসিনেশন সেশন শহরের আশেপাশে হোভ লনস, সেন্ট পিটার্স চার্চ, রেইনবো হাব এবং রেসকোর্স সহ অন্যান্য সাইটগুলিতে চালু আছে। [সাসেক্স হেলথ অ্যান্ড](#)

[কেয়ার ওয়েবসাইটে](#) আপনার টিকা নিতে যেসব স্থানে যেতে পারেন তার অবস্থান, তারিখ এবং সময় তালিকাভুক্ত করা হয়েছে।

30 আগস্ট সোমবার বা তার পরে ব্রাইটন সেন্টারে অ্যাপয়েন্টমেন্ট যাদের বুক করা আছে তাদেরকে স্থান পরিবর্তনের বিষয়ে ন্যাশনাল বুকিং সার্ভিস সরাসরি যোগাযোগ করছে। তাদের এপয়েন্টমেন্টের তারিখ এবং সময় একই থাকবে, শুধুমাত্র স্থান পরিবর্তন হবে।